বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ- কৃষি শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web site : www.bteb.gov. bd

স্মারক নং বাকাশিবো/উপ-কৃ/২০০৭/২০/ পার্ট-১/২০০৯/১৩৭ তারিখঃ ২৮-০৭-২০০৯ খ্রিঃ

সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম বিভাগ হইতে জারিকৃত শিক্ষা বর্ষপুঞ্জির আলোকে ৪ বৎসর মেয়াদী কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত/অনিয়মিত/পরিপূরক বোর্ড সমাপনী পরীক্ষা ২০০৯ পরীক্ষার্থীদের পরীক্ষা আগামী **০১ অক্টোবর -২০০৯খ্রিঃ** রোজ **বৃহস্পতিবার** হইতে বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হইবে। উক্ত পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপি গ্রহণ জমা ও প্রয়োজনীয় ফি জমা দেওয়ার তারিখ, ফি এর হার এবং নিয়মাবলী অত্র সংগে দেওয়া হইল। পরীক্ষার বিস্তারিত সময়সূচী যথা সময়ে অবহিত করা হইবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হইতে অবগত হওয়া যাইবে। ইহা ছাড়া উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে দেখা যাইবে।

(ড. প্রকৌঃ মোঃ নূরুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোনঃ ০২-৯১১৩২৮৩ (অফিস)

***এতদসংগে পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপি গ্রহন, জমা, পরীক্ষা ও অন্যান্য ফিসমুহের হার, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট আউট কপি প্রেরণের নিয়মাবলী এবং অন্যান্য শর্তাবলী আপনার অবগতির জন্য প্রদত্ত হইল এবং উহা যথাযথ অনুসরণ ও প্রতিপালনের জন্য অনুরোধ জানানো হইল।**

১। **পরীক্ষার্থীদের নিকট হইতে আদায়কৃত পরীক্ষার ফিসমূহের হার** ঃ

১.১ নিয়মিত/অনিয়মিত/পরিপূরক পরীক্ষার্থীদের নিকট হইতে ঃ

ক্রঃ নং	পর্ব	বিবরণ	পরীক্ষা ফি	ব্যবহারিক পরীক্ষা ফি	কেন্দ্র ফি	নম্বরপত্র ফি	স্কাউট ফি	বিলম্ব ফি	সনদপত্র ফি	বোর্ড অংশ	কেন্দ্র/ প্রতিষ্ঠান অংশ
১	২য়,৪র্থ,৬ষ্ঠ ও ৮ম	পরীক্ষার ফি	৪০০	---	---	---	---	---	---	৪০০	---
২	ঐ	ব্যবঃ পরীক্ষার ফি	---	১৬০(প্রতি পর্ব)	---	---	---	---	---	---	১৬০
৩	ঐ	কেন্দ্র ফি	---	---	৩২৫	---	---	---	---	---	৩২৫
৪	ঐ	নম্বরপত্র ফি	---	---	---	৭৫	---	---	---	৭৫	---
৫	ঐ	স্কাউট ফি	---	---	---	---	১০	---	---	১০	
৬	ঐ	বিলম্ব ফি	---	---	---	---	---	২০০/-	---	২০০	---
৭	৮ম পর্ব	সনদপত্র ফি (প্রতি সনদ)	---	---	---	---	---	---	১০০	১০০	---
				প্রতি পরীক্ষার্থীর জন্য মোট টাকা(বিলম্ব ফি ছাড়া)=						৫৮৫	৪৮৫

১.২ প্রত্যেক নিয়মিত/ অনিয়মিত /পরিপূরক পরীক্ষার্থীর নিকট হইতে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব পরীক্ষার ফিবাবদ ৪০০/- (চারশত) টাকা হারে এবং নম্বরপত্র ফিবাবদ ৭৫/- হারে আদায় করিতে হইবে। যাদের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ পর্বের (পরিপূরক) অকৃতকার্য বিষয়/বিষয়সমূহ পরীক্ষা দিতে হইবে তাহাদের প্রতি পর্বের প্রতি অকৃতকার্য বিষয়ের জন্য ৮০ (আশি) টাকা হারে তবে এক বিষয় হইতে পাঁচ বিষয় পর্যন্ত সর্বনিম্ন ৪০০/- (চারশত) টাকা হারে অতিরিক্ত আদায় করিতে হইবে।

১.৩ কেন্দ্র ফিবাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা আরম্ভ হওয়ার ১(এক)সপ্তাহ পূর্বে কেন্দ্র সচিবের নিকট ব্যাংক ড্রাফট/চেকের মাধ্যমে প্রদান করিতে হইবে। কেন্দ্র সচিব উক্ত ফি এর অর্থ পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত কর্মকর্তা /কর্মচারীবৃন্দের পারিশ্রমিক/ সম্মানী হিসাবে প্রদান করিবেন।

১.৪ ২০০৮ সনের অক্টোবর-নভেম্বর মাসে অনুষ্ঠিত কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রমের ২য়, ৪র্থ ৬ষ্ঠ ও ৮ম পর্ব বোর্ড সমাপনী পরীক্ষায় যে সকল ছাত্র-ছাত্রী কোন কারণে অংশগ্রহণ করে নাই কিন্তু এখন ২০০৯ সনের আগস্ট-সেপ্টেম্বর মাসে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করিতে ইচ্ছুক তাহাদেরকে ২০০/- হরে সংযোগ ফি প্রদান পূর্বক নতুন করিয়া অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি নিতে হইবে।

১.৫ অনুমতি গ্রহণের জন্য অনিয়মিত ছাত্র - ছাত্রীদেরকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে সংযোগ রক্ষাকারী ফি ২০০/- (দুইশত টাকা) আলাদা আলাদা ব্যাংক ড্রাফটসহ আবেদনপত্র প্রিন্ট আউট জমা দেয়ার সময় বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট জমা দিতে হইবে।

১.৬ শুধুমাত্র সরকারী এটিআইসমূহের মডিউলবাবদ এবং সার্ভিস চার্জ বাবদ আদায়কৃত অর্থ ভিন্ন ব্যাংক ড্রাফট এর মাধ্যমে বোর্ডের হিসাব শাখায় জমা দিয়ে সংশ্লিষ্ট কারিকুলাম বিশেষজ্ঞের ক্লিয়ারেন্স নিতে হইবে ।

২। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট আউট ও ফিসমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতি ঃ**

২.১ পরীক্ষার ফি ও নম্বরপত্র ফিসহ বোর্ডের প্রাপ্য সমুদয় অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,** ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে কৃষি শাখার ডেস্ক অফিসার এর যাচাই-বাছাই করার পর বোর্ডের হিসাব শাখায় **"ছকে"** বর্ণিত তারিখ অনুযায়ী জমা দিতে হইবে। ড্রাফট অবশ্যই সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা হইতে উত্তোলনযোগ্য হইতে হইবে।

২.২ পরীক্ষার্থীদের সংশোধিত প্রিন্ট আউট কপি ও পরীক্ষার ফি ও অন্যান্য ফিবাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) **'ছকে"** বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই অত্র বোর্ডে পৌছাইতে হইবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

২.৩ ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত অর্থ (১৬০/- টাকা প্রতিপর্ব) স্ব স্ব প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত কাজে ব্যয় করিবেন ।

২.৪ বোর্ড হইতে প্রিন্ট আউট কপি গ্রহণ, ফিসহ সংশোধিত প্রিন্ট আউট কপি জমা প্রদান, বোর্ড হইতে প্রবেশপত্র, উত্তরপত্র/পরীক্ষার কাগজপত্র গ্রহণ ইত্যাদি নিম্নোক্ত " ছক" মোতাবেক করিতে হইবে। কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখ ব্যতিত পরীক্ষার্থীদের প্রিন্ট আউট কপি ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হইবে না । যদি ইহার ব্যতিক্রম পরিলক্ষিত হয় তাহা হইলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হইবে যাহার জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকিবেন।

৩। নিম্ন **"ছকে"** বর্ণিত তারিখের মধ্যে ছাত্র/ছাত্রীদের নিকট হতে আদায়কৃত সমুদয় অর্থের ব্যাংক ড্রাফট করিতে হইবে এবং উক্ত তারিখের পরে কোন পরীক্ষার্থীর ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করা হইলে তাহা গ্রহনযোগ্য হইবে না ।

ক্রঃ নং	**প্রিন্ট আউট কপি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক গ্রহনের তারিখ**	**শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার তারিখ**	**শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফিসহ (২০০/=হারে) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার তারিখ**	অত্র বোর্ডে সকল ব্যাংক ড্রাফট ও সংশোধিত প্রিন্ট আউট কপি জমা / গ্রহনের শেষ তারিখ	নির্ধারিত তারিখের (০২/০৯/০৯) পর প্রতিষ্ঠান কর্তৃক ১৮৫০/- টাকা জরিমানা সাপেক্ষে "ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট কপি," **০৬-০৯-০৯ খ্রিঃ** তারিখ পর্যন্ত গ্রহণ করা হইবে। এর পর কোন অবস্থাতেই আর গ্রহণ করা হইবে না	অত্র বোর্ড হতে প্রবেশপত্র এবং পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র হাতে হাতে গ্রহনের তারিখ	অত্র বোর্ড হতে গ্রহণকৃত প্রবেশপত্র সংশোধনের শেষ তারিখ
১		**২৬/০৮/০৯**	**৩০/০৮/০৯**	**০২/০৯/০৯**		**১৪/০৯/০৯**	**২৪/০৯/০৯**

৩.১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র অফিসের পরীক্ষা নিয়ন্ত্রকের **(দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-কৃষি)** বরাবর করিতে হইবে।

৩.২ নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট করে সময়মত (০২/০৯/০৯) বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে ১৮৫০/- (এক হাজার আটশতপঞ্চাশ) টাকা জরিমানাসহ ০৬/০৯/০৯ তারিখ পর্যন্ত জমা দেওয়া যাইবে । এরপর আর গ্রহণ করা হবে না।

৩.৩ বোর্ড হইতে প্রদত্ত পরীক্ষার্থীদের প্রিন্ট আউট তালিকার নির্ধারিত স্থানে পরীক্ষার্থীকে অবশ্যই স্বাক্ষর করিতে হইবে। নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর না থাকিলে উক্ত পরীক্ষার্থী ফরম ফিলাপ করে নাই বলিয়া গন্য হইবে এবং তার প্রবেশপত্র বোর্ড হইতে ইস্যু করা হইবে না।

৩.৪ প্রতিষ্ঠান প্রধান প্রিন্ট আউট কপিতে স্বাক্ষর করার পূর্বে প্রিন্ট আউট কপি ভালভাবে যাচাই বাছাই করিয়া তাঁর নির্ধারিত স্থানে স্বাক্ষর করিবেন । প্রতিষ্ঠান প্রধান এর স্বাক্ষর ব্যতিত প্রিন্ট আউট এবং ব্যাংক ড্রাফট গ্রহণ করা হইবে না ।

৩.৫ প্রিন্ট আউট কপিতে পরীক্ষার্থী স্বাক্ষর করার পূর্বে তার সকল তথ্য (নাম, পিতার নাম, সেশন, রেজিঃ নম্বর, রোল নম্বর) সঠিক আছে কিনা তাহা খুব যত্ন সহকারে দেখিতে হইবে । কারণ, প্রবেশ পত্র এই তথ্যের ভিত্তিতেই তৈরী হইবে ।

৩.৬ বিলম্বে ফরম ফিলাপকৃত ছাত্র/ছাত্রীদের অবশ্যই **প্রিন্ট আউটের ফটোকপিতে** স্বাক্ষর করিতে হইবে।

৩.৭ প্রবেশপত্র গ্রহনের সময় প্রবেশপত্রের সংখ্যা সঠিক আছে কিনা তা দেখিয়া লইতে হইবে । প্রবেশপত্রে নাম, পিতার নাম, সেশন, রেজিঃ নম্বর, রোল নম্বর সঠিক আছে কিনা তা ভালভাবে পরীক্ষা করিতে হইবে । যদি কোন ভুলত্রুটি পরিলক্ষিত হয় তাহা হইলে **"ছকের"**নির্দিষ্ট তারিখের মধ্যেই সংশোধন করিতে হইবে । **"ছকে"** বর্ণিত সংশোধনের সময়ের পরে আর কোন সংশোধন গ্রহণযোগ্য হইবেনা। প্রবেশপত্রের ভুলের কারনে যদি কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড দায়ী থাকিবে না ।

৩.৮ পরীক্ষার ফি এবং নম্বরপত্রের ফিসমূহের জন্য একটি ব্যাংক ড্রাফট (বোর্ডের প্রাপ্য) নিম্নে বর্ণিত **"ছক"** অনুযায়ী ফরোয়ার্ডিং এর মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর **(দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-কৃষি শাখা)** জমা দিতে হইবে।

পর্ব		ছাত্র/ছাত্রীদের সংখ্যা	পরীক্ষার ফি	নম্বরপত্র ফি	সনদপত্র ফি	স্কাউট ফি	বিলম্ব ফি	মোট টাকা	মন্তব্য
২য়পর্ব	নিয়মিত								
	অনিয়মিত								
৪র্থপর্ব	নিয়মিত								
	অনিয়মিত								
৬ষ্ঠপর্ব	নিয়মিত								
	অনিয়মিত								
৮মপর্ব	নিয়মিত								
	অনিয়মিত								

সর্বমোট=

৪. বিশেষ শর্তাবলি ঃ

৪.১ কোন পরীক্ষার্থী ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বে যে কোন বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নে ৪০ এর কম নম্বর পাইলে তাহাকে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে না। এরূপ ক্ষেত্রে পরীক্ষার্থীদের ফিসমূহ জমা দিলে এবং ভুলক্রমে প্রবেশপত্র ইস্যু হইলেও তাহার সকল পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে এবং এর সকল দায় দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করিতে হইবে।

৪.২ প্রতি পর্বের প্রতি বিষয়ের তাত্ত্বিক ধারা ও ব্যবহারিক ধারার নম্বর বোর্ড প্রদত্ত নির্ধারিত ICR সিটের মাধ্যমে প্রবেশপত্র গ্রহনের সময় অবশ্যই বোর্ডে জমা দিতে হইবে । ধারাবাহিক নম্বর ব্যতিত প্রবেশপত্র প্রদান করা হইবে না ।

৪.৩ প্রতিষ্ঠান প্রধান ধারাবাহিক নম্বরের ICR সিটে স্বাক্ষর করার পূর্বে ইহা ভালভাবে যাচাই বাছাই করিয়া স্বাক্ষর করিবেন ।

৪.৪ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয়ভিত্তিক উত্তীর্ণমান, পূর্ণমান এবং প্রাপ্ত ধারা নম্বর ICR সিটে সঠিকরূপে দিতে হইবে। প্রতিষ্ঠানের কোন ভুলের কারণে শিক্ষার্থীদের ক্ষতি হইলে তাহার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করিতে হইবে।

৪.৫ অনিয়মিত পরীক্ষার্থীদের বোর্ড কর্তৃক ইস্যুকৃত সকল নম্বরপত্রের ফটোকপি ও পূর্বের সকল প্রবেশ পত্রের ফটোকপি ফরম ফিলাপের সময় বোর্ডে জমা দিতে হইবে।

৪.৬ পরীক্ষার্থীদের সংশোধিত প্রিন্ট আউট কপি জমা দেওয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফিস হাল নাগাদ পরিশোধের প্রত্যায়নপত্র দেখাইতে হইবে।

স্মারক নং বাকাশিবো/উপ-কৃ/২০০৭/২০/ পার্ট-১/২০০৯/১৩৭(২৭০) তারিখঃ ২৮-০৭-২০০৯ খ্রিঃ

অত্র বোর্ডের কারিকুলাম বিভাগ হইতে জারিকৃত শিক্ষা বর্ষপুঞ্জির আলোকে উক্ত পরীক্ষার তারিখ নির্ধারণপূর্বক অত্র বিজ্ঞপ্তির প্রতিলিপি নিম্নোক্ত কর্মকর্তাগণের অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৪। পরিচালক (প্রশিক্ষণ উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭-৫৩। জেলা প্রশাসক .... ।
৫৪-১৫৭। অধ্যক্ষ .... ।
১৫৮। উপ-পরিচালক (শিক্ষণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
১৫৯-২৬২। উপজেলা নির্বাহী অফিসার.. ।
২৬৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা করাার জন্য আপনাকে অনুরোধ করা হইল)
২৬৪। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৬৫। কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৬৬। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- উত্তরপত্র ও মালামাল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৬৭। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৬৮। সহকারী হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৬৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৭০। অফিস নথি।

(মোঃ আবদুল হামিদ)
উপ- পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন অফিস ঃ ০২- ৮১২১০৩৫
মোবাইল ঃ ০১৭১২-০৫৪৮৮১